

## আত্‌ তারগীব ওয়াত্‌ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৯

২. সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ২) সুন্নাত পরিত্যাগ এবং প্রবৃত্তির অনুসরণ ও বিদআত চর্চার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك السنة وارتكاب البدع والأهواء

আরবী

(صحيح) وَعَنْ الْعَرَبَاضِ بْنِ سَارِيَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَقَدْ تَرَكْتُكُمْ عَلَى مِثْلِ الْبَيْضَاءِ لَيْلُهَا كَنَهَارِهَا لَا يَزِيغُ عَنْهَا إِلَّا هَالِكٌ.  
رواه ابن أبي عاصم في كتاب السنة بإسناد حسن

বাংলা

৫৯. (সহীহ) এরবায় বিন সারিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছেনঃ

”আমি তোমাদেরকে ছেড়ে যাচ্ছি (এমন দীন ও সুস্পষ্ট প্রমাণের উপর) যার শুভ্রতা ও উজ্জলতা এত স্বচ্ছ, যার রাতও দিনের ন্যায় পরিষ্কার। [1] ধ্বংসপ্রাপ্ত ব্যক্তি ছাড়া এ থেকে কেউ বক্রপথে চলে না।”

(ইবনু আবী আসেম কিতাবুস সুন্নাহ গ্রন্থে হাসান সনদে বর্ণনা করেন।)

(শায়খ আলবানী বলেন, হাদীছটি আরো বর্ণনা করেছেন ইমাম আহমদ, ইবনু মাজাহ ও হাকেম)

ফুটনোট

[1] . অর্থাৎ- ধর্মের সকল বিষয় সুস্পষ্ট ও প্রমাণ ভিত্তিক, এতে কোনরূপ অস্বচ্ছতা ও সংশয় নেই। এতে সংশয় সৃষ্টি করার অবস্থা তা নিরসন ও প্রতিহত করার মতই। এদিকেই ইঙ্গিত করা হয়েছে ‘যার রাতও দিনের ন্যায় পরিষ্কার’ বলে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ ইরবায় ইবনু সারিয়াহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87819>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন